



বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২

বিনা/সংস্থা/জীবাণুসার-বিতরণ/৬/২০১৪/ ২০২

তারিখঃ ০৪-০৩-২০১৪ইং

প্রস্তাব আহ্বান বিজ্ঞপ্তি

- ১। প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ২। বিজ্ঞপ্তির ধরণ : প্রস্তাব আহ্বান বিজ্ঞপ্তি।
- ৩। প্রস্তাব পত্রের মূল্য : টাঃ ৫০০/= (পাঁচশত) মাত্র।
- ৪। প্রস্তাবপত্র বিক্রয়ের স্থান ও ঠিকানা : পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) এর অনুমতিক্রমে উপ-পরিচালক (অর্থ), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২। উর্ধ্বতন সহকারী পরিচালক (সংগ্রহ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাক-১২১৫ এর বরাবরে নগদ মূল্যে অফিস খোলা থাকাকালীন দিনগুলিতে (সকাল ৯.০০টা হইতে বিকাল ৩.০০টা পর্যন্ত) প্রস্তাবপত্র ক্রয় করা যাবে।
- ৫। প্রস্তাবপত্র বিক্রয়ের তারিখ : ১০-০৩-২০১৪ ইং হইতে ২৫-০৩-২০১৪ ইং পর্যন্ত
- ৬। প্রস্তাবপত্র গ্রহণের স্থান ও ঠিকানা : পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ।
- ৭। প্রস্তাবপত্র খোলার স্থান ও ঠিকানা : পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকুবি চত্বর, ময়মনসিংহ।
- ৮। প্রস্তাবপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় : ০৭-০৪-২০১৪ইং বেলা ১২-০০টা।
- ৯। প্রস্তাবপত্র খোলার তারিখ ও সময় : ০৭-০৪-২০১৪ইং বিকাল ৩.০০ ঘটিকা।
- ১০। প্রস্তাব আহ্বান বিজ্ঞপ্তির উদ্দেশ্য :

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) রাইজোবিয়াম জীবাণুসারের উপর ব্যাপক গবেষণা করে বিনার মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ল্যাবরেটরীতে ছয়টি জীবাণু সার উদ্ভাবন করেছে। জীবাণু সারগুলো শুধুমাত্র লেগিউমিনাস (ডাল ও তৈল বীজ) জাতীয় শস্যে ব্যবহারের উপযোগী। বিগত ২৫ বৎসর যাবৎ বিনার নিজস্ব ফার্মে ও দেশের বিভিন্ন অঞ্চলের কৃষকের মাঠে এই সারগুলো ব্যবহার করে ডাল ও তৈল জাতীয় শস্যের (মসুর, ছোলা, বরবটি, মুগ, চীনাবাদাম ও সয়াবিন) উপর পরীক্ষা-নিরীক্ষা চালানো হয়েছে। জীবাণু সার ব্যবহারের ফলে ফসলের উৎপাদন বৃদ্ধি পেয়েছে, মাটির গুণাগুণ সমৃদ্ধ হয়েছে এবং রাসায়নিক সারের ব্যবহার হ্রাস পেয়েছে।

কর্তৃপক্ষ এখন থেকে কোন প্রতিষ্ঠিত বেসরকারী শিল্পগোষ্ঠী/শিল্প প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে জীবাণু সারের উৎপাদন, মাঠ পর্যায়ে ব্যাপক প্রদর্শনী ও হাতে কলমে কৃষকদিগকে এই প্রযুক্তি শিক্ষার বিস্তৃতি ঘটাবে। বাংলাদেশ ডাল ও তৈল বীজ জাতীয় শস্য উৎপাদনকারী এলাকার কৃষকদের মধ্যে যাতে এই জীবাণু সার জনপ্রিয় করে তোলা যায় সে ব্যাপারে কৃষকদিগকে বিশেষ প্রযুক্তি জ্ঞান আহরণে উদ্বুদ্ধ করতে হবে। জীবাণু সারের আয়ুষ্কাল ক্ষণস্থায়ী এবং তাপ ও সূর্য কিরণে স্পর্শকাতর বলে এই প্রযুক্তি অত্যন্ত সংবেদনশীল।

জীবাণু সারের উৎপাদন ও সম্প্রসারণকল্পে এবং কৃষকদের স্বার্থ রক্ষার্থে শিল্পগোষ্ঠীকে সেবার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে। বিনার সাথে যৌথভাবে মাঠ পর্যায়ে ব্যাপক কর্মকাণ্ড চালানোর পর দুই বৎসরের মধ্যে এই শিল্পগোষ্ঠী/শিল্প প্রতিষ্ঠানকে নিজস্ব উদ্যোগে ও সম্পূর্ণ নিজস্ব খরচে চাহিদা অনুযায়ী দেশে বড় আকারের জীবাণু সার উৎপাদন কারখানা স্থাপন করতে হবে। যাতে দেশের সমস্ত ডাল ও তৈল বীজ জাতীয় শস্য উৎপাদন এলাকায় বিতরণ সম্ভব হয়।

- ১১। প্রস্তাব আহ্বানের বিশেষ শর্তাবলী : শিল্পগোষ্ঠী/শিল্প প্রতিষ্ঠানের যোগ্যতা এবং অভিজ্ঞতার সমর্থনে প্রয়োজনীয় দলিলপত্রাদিসহ প্রস্তাব জমা দিতে হবে।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে একক অথবা সমগ্র প্রস্তাব গ্রহণ বা বাতিলকরণসহ সকল ক্ষমতা বিনা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ড. মোঃ আজগার আলী সরকার
পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)